



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন : ০২৪৭-৮৬০৫০৬

ফ্যাক্স : ০২৪৭-৮৬০৫০৬

ই-মেইল- dgmpd@rakub.org.bd

ওয়েব সাইট- www.rakub.org.bd

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।  
সত্ততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

প্রধান কার্যালয়, রাজশাহী  
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৮/২০১৯

তারিখ: ২৪-১০-২০১৯


**বিষয়:** উচ্চতর পদে ও বেতন স্কেলে পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে পদোন্নতিপ্রাপ্তিতে বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২ নং অনুচ্ছেদের সারণীতে উল্লিখিত চাকরিকাল গণনার বিষয়ে স্পষ্টিকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উচ্চতর পদে ও বেতন স্কেলে পূর্ণ বেতন পাওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম চাকরির মেয়াদ পূর্ণ হওয়ার পূর্বে পদোন্নতি প্রাপ্তিতে বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২ নং অনুচ্ছেদের সারণীতে উল্লিখিত চাকরিকাল গণনার বিষয়ে স্পষ্টিকরণের জন্য এ ব্যাংকের ১৭.০৬.২০১৯ তারিখের প্রকা/কব্যবি-৭/২০১৮-২০১৯/৪১৩০ নম্বর পত্র আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়। এ প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১১.০৯.২০১৯ তারিখের ৫৩.০০.০০০০.৩২১.৪৭.০০১.১৬-২৩৮ নম্বর পত্র মারফত প্রেরিত অর্থ বিভাগের ২২.০৮.২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬৫.৫৩.০১০.১৪-৯২ নম্বর পত্রে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২ নং অনুচ্ছেদের স্পষ্টিকরণ সংক্রান্ত জবাব পাওয়া গেছে (কপি সংযুক্ত)।

০৩। অর্থ বিভাগের উল্লিখিত জবাব অনুযায়ী চাকরি (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) (বেতন ও ভাতাদি) আদেশে পে-কাট পদ্ধতি বলে কোন পদ্ধতির উল্লেখ নাই। জাতীয় বেতন স্কেল, ২০১৫ (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) আদেশের ১২ অনুচ্ছেদে পদের পূর্ণ বেতন প্রাপ্তির শর্তাবলী বর্ণিত রয়েছে। এই অনুচ্ছেদ সরাসরি ৯ম গ্রেড বা তদুর্ধ্ব গ্রেডে নিয়োজিত কর্মচারীর জন্য প্রযোজ্য। এক্ষেত্রে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড প্রাপ্তির পর ৯ম গ্রেড প্রাপ্ত হলে এই বিধান (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১২ নং অনুচ্ছেদ) তাদের জন্য প্রযোজ্য হবে না।

অনুমোদনক্রমে-


  
(মোঃ আশ্ফুর রহিম)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০১৯-২০২০/ ১৭ ৫৩ (৪৫০)

তারিখ : এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৬. অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. সহকারী মহাব্যবস্থাপক (উপ-মহাব্যবস্থাপকের দায়িত্বে), রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
৯. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১. সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২. ব্যবস্থাপক (সমব্যা), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. অফিস নথি।

  
(শেখ মুকতারুজামান)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা